সত্যজিৎ রায়
প্রোফেসর শঙ্কু
শঙ্কু ও আদিম মানুষ
আনন্দ

শঙ্কু ও আদিম মানুষ

ThunderBird

আমাদের এখন আদিম মানুষ খোঁজা আরও জোরদার না করে ও এখনও ওর গবেষণা চালিয়ে যাচ্ছে... মনে হয় ক্লাইন...
ক্লাইন যে...

না, বুশ আমি হাল ছেড়ে দিলাম... আদিম মানুষ বোধহয় নেই।

স্প্যানিশ পর্যটকের বিবরন ভুল হতে পারে না। মনে হয় আর একটু ধৈর্য ধরতে পারলে আদিম মানুষ আমরা খুঁজে পাবই।

অবিশ্যি একটা উপায় আছে...

উপায় ?

কুমির!
!

সাধারণভাবে স্বীকৃত ফসিল হোমিনিডদের নৃবিজ্ঞানীরা দু'টি শ্রেণীতে ভাগ করেন। অস্ট্রালোপিথেকাসদের মস্তিষ্ক ছিল ছোট, মুখটা বড়। হোমোদের মস্তিষ্ক বড়, মুখের আকৃতি ছোট। এটা জানা যায়, পূর্ব ও দক্ষিণ আফ্রিকায় পাওয়া ফসিল থেকে। পঁয়ত্রিশ লক্ষ বছর আগে অস্ট্রালোপিথেকাস...

...আফারেনসিস থেকে আমাদের উৎপত্তি হয়েছে তা এই ফসিল থেকে বোঝা যায়। প্রখ্যাত

HOMO — NEANDERTHAL, ARCHAIC, ERECTUS, HABILIS

AUSTRALOPITHECUS — ROBUSTUS, BOISEI, AFRICANUS, AFARENSIS

আর ব্লাইন যখন এত করে লিখছে...

প্রিয় প্রোফেসর শঙ্কু,

ইনভেন্টর হিসেবে তোমার খ্যাতি আজ বিশ্বজোড়া। সব দেশের বিজ্ঞানীরাই তোমাকে সম্মান করে। আমি যে অ্যাফারেন-সিসের নমুনা সংগ্রহ করেছি, সে খবর হয়তো তুমি কাগজে পড়েছ। আমি চাই তুমি একবার এসে দেখে যাও। আমি জানি তুমি বছরে অন্তত একবার ইউরোপে আসো। যেখানেই থাকো, সেখান থেকে তোমাকে আমি হামবুর্গে আসার আমন্ত্রণ জানাচ্ছি। সব খরচ আমার। যে-সময় তুমি আসবে সে-সময় আরও কয়েকজন বৈজ্ঞানিককে ডাকতে চাই।

..ফল পাইনি। তারপর এলিক্সি-রামের মাত্রা বাড়িয়ে দেওয়ায়..

..দেখি প্রহ্লাদ অত্যন্ত জটিল গাণিতিক বিষয় নিয়ে বক্তৃতা দিচ্ছে। কিন্তু এই অবস্থা বেশিক্ষণ টেকেনি –

আর অন্য কোনও দলও যে সেখানে গিয়ে তাদের দেখা পাবে, এ সম্ভাবনাও কম (আটজন অবশিষ্ট), কারন পথ অত্যন্ত দুর্গম। আমার তরুন বন্ধু বিশিষ্ট বৈজ্ঞানিক হেরমান বুশ তো নৌকা থেকে নদীর জলে পড়ে কুমিরের খাদ্যে পরিনত হয়। আমাদের নেহাত ভাগ্য যে, আমরা প্রান নিয়ে ফিরেছি।
যাই হোক, তুমি কী স্থির করো আমাকে অবিলম্বে জানিও।
হাইনরিখ ক্লাইন

Thunderbird

ফ্রেলকে আমার ড্রাগের কথা লেখায় ও লিখছে আমার ওষুধ যে অবস্থায় রয়েছে সেই অবস্থায়ই সঙ্গে করে নিয়ে আসি। ইউরোপের যে কোনও বড় শহরে এলিক্সির-রাম পাওয়া যায়। একই সঙ্গে অতীত ও ভবিষ্যতের মানুষ দেখতে পারলে দারুণ ব্যাপার হবে। ব্রাইনকে আমার বেশ লাগে। আমার বিশ্বাস, সে নিশ্চয়ই তোমাকে তার ল্যাবরেটরিটা ব্যবহার করতে দেবে। তাই আমার এভলিউটিন-এর শিশিটা নিয়ে এসেছি।

আজ জিনিভায় কাজ শেষ করে..

সন্ধেয় হামবুর্গ।
তোমরা তাকে দেখেছ কি?
না আমরা সকলেই একটু আগেই এসে পৌঁছেছি।

তোমার সঙ্গে তো বুশের আলাপ ছিল, তাই না?
হ্যাঁ। বছর পাঁচেক আগে বেমেনে আলাপ হয়।

এখানে এসে থেকেই ওর কথা মনে পড়ছে। যখন অনেক খোঁজাখুঁজি করেও আদিম..
..মানব না পেয়ে ব্রাইন হাল ছেড়ে দেয়। বুশই তাকে উৎসাহিত করে। বেচারি বুশ....

সে কি জানত এক-দিন আদিম মানুষ পাওয়া যাবে, কিন্তু সে থাকবে না...
এই যে ব্রাউন...

এসো, এসো, শঙ্কু। তোমরা এসে পড়েছ, ভাল লাগছে।

কিন্তু যার জন্যে আসা...

তাকে এখন দেখা যাবে না। এখন রাত্রি হয়ে গেছে। আমার সে মানুষ সন্ধ্যা থেকেই ঘুমায়। ত্রিশ লক্ষ বছর আগে আদিম মানুষও তাই করত বলে আমার বিশ্বাস। আমি তাই কাল সকালে তোমাদের সকলকে তার কাছে নিয়ে যাব।

তোমার সহকর্মী বুশের সঙ্গে আমার আলাপ ছিল। অসাধারণ মেধাবী জীবতাত্ত্বিক।

অসাধারণ। অসাধারণ।.. ও তোমার কথা বলেছিল আমায়।

সত্যি কথা বলতে, ও না থাকলে হয়তো এই অভিযান সফলই হত না।

ও যেভাবে উৎসাহ দেয়।

আলাপ করিয়ে দিই।

রুশ স্নায়ু-বিশেষজ্ঞ ড: ইলিয়া পেট্রফ
হ্যালো, শঙ্কু!

ফরাসি নৃতাত্ত্বিক মিশেল রামো।
এসো, শঙ্কু, তোমার অপেক্ষাই করছিলাম।

ইটালিয়ান পদার্থবিজ্ঞানী মার্কো বার্তেল্লি
তোমার সঙ্গে আলাপ হয়ে আমি ধন্য।

আমাকে অনেকে প্রশ্ন করে আমি এই মানুষের খোঁজ পেলাম কোথায়।

অষ্টাদশ শতাব্দীর এক স্প্যানিশ পর্যটকের লেখায়। ব্রেজিলের এই উপজাতির..

..উল্লেখ আমায় আকর্ষন করে। এই বিবরন আমায় টেনে নিয়ে যায় আমাজনের গভীর জঙ্গলে। সেটা যে এ ভাবে সফল..

..হবে, তা আমি কল্পনাও করিনি।

এটা স্বীকার করতেই হয়, আমাজন এক অতি আশ্চর্য জায়গা।

এটা তোমার এক যুগান্তকারী আবিষ্কার।

ওর মধ্যে সুখ-দুঃখের মত কোনও অভিব্যক্তির লক্ষণ দেখেছ?

প্যান্টি পরিয়ে খানিকটা সভ্য ভাব এনেছি।

আশ্চর্য!

একে দেখার জন্য লোকের ভিড় উপচে পড়ার কথা।

যাতে ও বিরক্ত না হয়।

ওই বুডলফ ওর খাবার নিয়ে যাচ্ছে।

এ যে ন্যাটা সেটা লক্ষ করেছ বোধহয়।
জানি।

তোমার এই মানুষের চউনিতে একটা বুদ্ধির আভাস আছে।

তার মানেই বুঝতে হবে চার পা থেকে দু'পায়ে হাঁটবার সঙ্গে-সঙ্গেই তার মস্তিষ্কের আয়তনও নিশ্চয়ই বেড়ে গিয়েছিল।

তুমি নানা বিষয় নিয়ে কাজ করো। তোমার ল্যাবরেটরিটা যদি একবার দেখা যেত।
বেশ তো, লাঞ্চের পরেই না হয় যাওয়া যাবে।

কিছুক্ষণ পর...

তোমরা থাকতে থাকতেই একটা সেমিনারের আয়োজন করতে চাই...
যার বিষয় হবে মানুষ ও বিবর্তন।

কেমন দেখলে বলো।
এক কথায়, যে কোনও রকম এক্সপেরিমেন্ট চালানো যায়।
আমার কয়েক ফোঁটা এলিক্সিরামেই কাজ হয়ে যাবে।

ডিনারের পর...
অতিথি-সৎকারের কোনও ত্রুটি করেনি, ব্রাইন, এটা স্বীকার করতেই হবে।

তোমায় অন্যমনস্ক লাগছে। কী ভাবছ?
একটা সামান্য খটকা।
গুড নাইট!
গুড নাইট!

আদিম মানুষ তো বেঁটে হয়, এ দেখছি প্রায় ছ'ফুট।

তার কারন আর কিছুই নয়, এ মানুষ আদিম হলেও আসলে সে বিংশ শতাব্দীর প্রানী। এর সব লক্ষণ অস্ট্রা-লোপিথেকাস অ্যাফারেনসিসের সঙ্গে মিলবে এটা মনে করা ভুল।

তা বটে।
এবার তোমার ড্রাগের কথাটা ব্রাইনকে বলো। ওর তো এলিক্সিরাম রয়েছেই চেয়ে দেখ। আশা...

..করি ও আপত্তি করবে না।
Chunder Giri

আজ সকালে ব্রেকফাস্টের টেবিলে সকলের সামনে আমার এডলিউটিনের কথাটা বললাম। আমার চাকরের ওপর পরীক্ষা করে কী ফল হয়েছে আর এলিক্সিরামের অভাবে কাজ সম্পূর্ণ হয়নি সেটাও জানালাম।
আই থিংক দ্যাটস ব্রিলিয়ান্ট!

তোমার এলিক্সিরামের এক চামচ পেলেই মনে হয় আমার কাজ হয়ে যাবে।
তার জন্য যা দাম লাগে, আমি দিতে রাজি।

এক চামচের জন্য দাম দেওয়ার কথা বলছ? কিন্তু এই ওষুধ তৈরি হলে..
..কার ওপর পরীক্ষা করবে? সে লোক কোথায়?

কেন, তোমার অ্যাফারেনসিস তো রয়েছে। তার ওপর পরীক্ষা করলে আধ ঘন্টার মধ্যে আধুনিক মানুষ হোমো স্যাপিয়েন্সে পরিনত হবে।

এর অ্যান্টিডোট তুমি তৈরি করেছ যাতে সেটা খাইয়ে আবার পূর্বাবস্থায় ফিরিয়ে আনা যায়?

সে ব্যাবস্থাও আছে।

তুমি দেখছি খুব খরো।

যাই হোক, আমার একটা ব্যাপার আছে — আমি জ্যোতিষে বিশ্বাস করি। আজকের দিনটা এই জাতীয় পরীক্ষার পক্ষে ভাল নয়।
তোমাকে এলিক্সিরাম দেব কাল। কাল সকালে।

ক্লাইনের দেখছি নানা বিষয়ে বিশ্বাস।
তা তো নিশ্চয়... না হলে তিনশো বছরের এক পর্যটকের লেখায় ভিত্তি করে আদিম মানুষ ধরে নিয়ে এল!
যা এর...

... আগে কেউ পারেনি!

আজ দেখছি ওর ভয় অনেকটা কেটে গেছে।

শুধু তাই নয়... ও আস্তে আস্তে এদিকেই আসছে।

অ্যাফারেনসিসের এই বিশেষ নমুনাটিকে দেখলেই...

ক্রো-ও-ও-ও-ও

... আমি কেমন যেন অন্যমনস্ক হয়ে পড়ি। কেন তা বলতে পারব না।

...ক্লাইনের পরানো প্যান্ট পরে দিব্যি আছে। একবার খুলে ফেলারও চেষ্টা করছে না।
হুঁ!

সকলেরই একই অবস্থা। পেট্রফ ইংরিজিতেই কথা বলে, কিন্তু এখন রাশিয়ান ছাড়া কিছুই বলছে না-তাও ব্যাকরণে ভুল।

যাক, সবার বিপদ কেটে গেছে।
প্রশ্ন হল-এখন কী কর্তব্য। ব্লাইন কি কোনও কারনে আমাদের পেছনে লেগেছে? কিন্তু কেন?

তোমার এভলিউটিন!

আমার এভলিউটিন? কেন?
সে হয়তো চায় না তুমি ওষুধ তৈরি করে..

..আদিম মানুষের ওপর পরীক্ষা করো।
তার জন্য সকলের ওপর আক্রোশ কেন? যাক, এখন অনেক রাত হয়েছে, কাল সকালে দেখা যাবে।

আমার খটকার কারনটা কিছুতেই বুঝতে পারছি না...

কু কু কু কু কু

এভলিউটিনটা তৈরি হলেই ...দেখি ব্লাইন কী বলে?

ThunderBird
কাল তোমরা সুস্থ ছিলে? আমার শরীরটা খুব খারাপ হয়েছিল। খাবারে গোলমাল ছিল মনে হয়।

আমাদেরও শরীরটা খারাপ হয়েছিল। ওষুধ খেয়ে তবে সুস্থ হয়েছি।

কী ওষুধ খেলে?

প্রোফেসর শঙ্কুর তৈরি এক আশ্চর্য ওষুধ।

আহা... জানলে তো আমিও খেতাম।

সারা রাত ছটফট করতে হয়েছে।

আজ সকালে, দু'টার পরে অনুভব করলাম উদ্বেগটা কেটে গেছে।
ভাল কথা, আজ যদি এলিক্সিরামটা পাই, খুব কাজ হয়।

বেশ তো, ব্রেকফাস্টের পরই দেব তোমায়।

ব্রেকফাস্টের পর ফোল, সন্ডার্স আর পেট্রুফ বেড়াতে বেরোল।
দু'দিন পরে বেরোতে পেরে ভাল লাগছে।

মার্কো আর রামো গেল অ্যাফারেনসিসের কাছে...
গুড মর্নিং, স্যার।
আজ ওর কিছু আওয়াজ টেপ করব।

আর আমি গেলাম ল্যাবরেটরিতে।
ওষুধ পালটানো হয়েছে। এর চেহারা এবং গন্ধ এলিক্সিরামের নয়।

আশা করি এতে তোমার কাজ হয়ে যাবে।
ধন্যবাদ।

আর আদিম প্রানীটাকে দেখতে ইচ্ছে করছে না। আমার গবেষণা সার্থক হতে হতেও হল না। এর চেয়ে আপসোসের আর কী…

হতে পারে? অবিশ্যি শহরে খোঁজ করলে ড্রাগিস্টের দোকানে নিশ্চয়ই পাওয়া যাবে। কিন্তু…

..সে ব্যাপারে যে ক্লাইন বাগড়া দেবে না তার কী স্থিরতা?
ঠক
ঠক

ড্রাগ নিয়েছ?
নিয়েছি…

ভেজাল
সেটা আমি আন্দাজ করেছিলাম।
এই নাও তোমার এলিক্সিরাম।

এটা তুমি কার ওপর প্রয়োগ করতে চাও?
যার ওপর করলে একটা বিরাট রহস্য উদ্‌ঘাটিত হবে।

কিন্তু এখন নয়। রাত্রে।

প্লিজ, একটু ধৈর্য ধরো।

মাস্টার ক্লাইনের শরীরটা আবার খারাপ হয়েছে.. আপনারা খেয়ে নিন।

বিকেলে আমরা সকলে হামবুর্গ শহর দেখতে বেরোলাম। সন্ধ্যা সাতটা নাগাদ....

ক্লাইনের গাড়িটা নেই দেখছি। বেরিয়েছে নাকি ?

উনি এখন অনেকটা সুস্থ.. একটু বেরিয়ে.. ছেন..ডিনারের আগেই ফিরবেন।
!

আমি একটা গোলমালের আশঙ্কা করছি। আমাদের ..

একবার দেখা উচিত আদিম মানুষটা আছে কিনা। তোমরা একটু অপেক্ষা করো, আমি অ্যানাইহিলিনটা নিয়ে নিই।

অ্যানাইহিলিন ?

শঙ্কুর তৈরি পিস্তল। যা তাগ করে মারলে কোনও কিছু চিহ্ন না রেখে কোনও প্রাণী অদৃশ্য হয়ে যায়।

আশা করি ব্যবহার না করলেও চলবে।

লেট্স গো!

হাউ!

হাউ!
হাউ!
হাউ!
Thunder Bird

রুডলফ্।

তোমরা এগিয়ে যাও।
হল্ট!

তোমরা এখানে কী চাও?
গেট খোলো ভেতরে যাব।

নেই!
না, এদিকটাও ফাঁকা!

তুমি কি এই আশঙ্কাই করেছিলে?

পুলিশ! পুলিশকে অবশ্যই খবর দিতে হবে!

কিন্তু স্যার, সকলে জানে ওঁর ওই .... ওই আদিম মানুষটা আছে।
হ্যাঁ জানি। কিন্তু এর পেছনে যে কুকীর্তি কাজ করছে সেটা আমরা জানতে পারায় ও পালিয়েছে।

আমরা এখানে অনেকেই আছি। প্লিজ, অফিসার ওকে ধরো। ওর গাড়ির নম্বর হল ২ এইচ বি ৭০১ আপনাকে জানিয়ে রাখি, আমরা সকলে দায়িত্বশীল বিজ্ঞানী। হ্যাঁ, ধন্যবাদ।

কী ব্যাপার?

ব্রাইন লোকটা বেপরোয়া, ও আমাদের মারতে চেয়েছিল। আমরা অসুস্থ হই ওর দেওয়া বিষ খেয়ে।

সে যে কোনও কারনে যেকে চায় না শঙ্কু তার এ ডলিউটিন তৈরি করে আদিম মানুষের ওপর প্রয়োগ করুক!

তুমি ঠিক কী আশঙ্কা করছ?
এখনও ঠিক ...
ক্লপ ক্লপ

হ্যালো।... হ্যাঁ... ধরা পড়েছে.. কোনিসস্ট্রাসে আর গ্রুনবার্গস্ট্রাসের সঙ্গমস্থলে.. একজন পুলিশকে গুলি করে জখম করেছে.. বুনো লোক রয়েছে.. ভাল..
..আমরা এখনই আসছি।

দুটো ট্যাক্সি নিয়ে পুলিশ স্টেশনের দিকে চললাম

আপনি ডঃ ক্রোল?
হ্যাঁ, আমরা প্রথমে আদিম মানুষটাকে দেখতে চাই।

হাস্যকর। তোমরা আমাকে ধরে রাখতে পারো না!

এই যে, এখানে আলোটা জ্বালাই।

পাঁচ মিনিটের মধ্যে অ্যাকশান শুরু হবে আশা করি।

ThunderBird

এ যে বুশ!

হ্যাঁ।
হেরমান বুশ!

দাঁড়াও। বিবর্তন
বন্ধ করে দিই।

আঁ! আঁ!

!?!
এসো, আজকের মানুষ হয়ে ওঠো
তোমরা কে?
আমি কোথায়?

তোমার বন্ধু। তোমার শত্রু এখন পুলিশের জিম্মায়। এখন বলো তো, ক্লাইন...

..কী এক্সপেরিমেন্ট করছিল?

ওঃ। ও শয়তানের ওষুধ তৈরি করছিল।

ওটা ইনজেক্ট করলে মানুষ বিবর্তনের পথে পিছিয়ে যেত। ক্লাইন মিথ্যা বলে আমাকে ব্রেজিল নিয়ে যায়। একদিন সুযোগ পেয়ে...

..আমাকে জোর করে ইনজেকশনটা দেয়। তারপর কিছু জানি না। কিন্তু তোমরা?... তোমাদের অনেককেই চিনি দেখছি!

ইউ আর প্রোফেসর শঙ্কু?
হ্যাঁ। ঠিক।

থ্যাঙ্ক ইউ, ক্রোল।
তুমি তো লেফ্‌ট-হ্যান্ডেড? তাই না?

ইয়েস-
আই অ্যাম লেফ্‌ট-হ্যান্ডেড।

আমার প্রধান খটকার কারণ ছিল এটাই। আশ্চর্য এই যে বিবর্তনে এত পিছিয়ে গিয়েও কিছু বৈশিষ্ট্য রয়ে গিয়েছিল।

কী আশ্চর্য ব্যাপার। তোমরা দুজন প্রায় একই গবেষণায় লিপ্ত ছিলে, ও যাচ্ছিল পেছন দিকে, তুমি যাচ্ছিলে ভবিষ্যতের দিকে।
BETACAM
এখন দেখছি, বিবর্তন নিয়ে বেশি কৌতূহল প্রকাশ না করাই ভাল।
যা হচ্ছে তা আপনা থেকেই হোক।
তবে এটা স্বীকার করতেই হবে, বর্তমান ক্ষেত্রে এটা কাজে দিয়েছে আশ্চর্য ভাবে। কুশ তার জীবন ফিরে পেয়েছে।
সে আর বলতে!
তোমার কিছু ছবি তুলেছিলাম।
মাইন গট! আই কান্ট বিলিভ দিস।
এই অ্যাফারেনসিসটা আমি! অবিশ্বাস্য!
অবিশ্বাস্য হলেও সত্যি, শুধু তুমি কেন কুশ, সমস্ত মানবপ্রজাতির আদি চেহারাটাই ছিল এরকম।
দেখেছ প্রায় ভুলেই গেছিলাম।
ThunderBird